



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ
বিনিয়োগ ভবন(লেভেল-৭, ৮ ও ৯), ই-৬/বিগামার
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.beza.gov.bd

কমিশনার অব কাস্টমস (বড) কাস্টমস বড কমিশনারেট, চট্টগ্রাম।	ইস্যু নম্বর : ১০৭৮
অতিরিক্ত/যুগ্ম কমিশনার উপ/সহকারী কমিশনার বিগামার	তারিখ : ০২/০৫/১৭
বিনিয়োগ	সময় : ১১.৪০
পিএ টি কমিশনার	রাজস্ব কর্মকর্তা স্বত্ত্বাধিকার কর্মকর্তা শাখা সহকারী কমিশনার

নম্বর: ০৩.০৭.০০০০.০০০.০২৩.৩১.০২২৪.২৩.৩৮

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়: অর্থনৈতিক অঞ্চলের বিনিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক ক্রুড পাম অয়েল/অলিন আমদানি ও রপ্তানির কার্যক্রম সম্পন্ন করা সম্পর্কে অবহিতকরণ।

বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ এর ধারা ১২, ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮ এর ধারা ৬ এবং ওয়ান স্টপ সার্ভিস (বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ) বিধিমালা, ২০১৮ এ বর্ণিত তপশিল এর ক্রমিক নং-২২.১.ক, ২২.১.খ, ২২.১.গ এবং ২২.১.ঘ এ প্রদত্ত ক্ষমতাবলে বেজা যথাক্রমে আমদানি অনুমতি, রপ্তানি অনুমতি, নমুনা অনুমোদন (আমদানি) এবং নমুনা অনুমোদন (রপ্তানি) ছাড়পত্র ইস্যু করে থাকে।

০২। উল্লেখ্য, আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ১৪ অনুযায়ী বেজা এলাকায় (অর্থনৈতিক অঞ্চলস্থ এলাকায়) অন্য দেশ হতে আমদানি অথবা রপ্তানি উক্ত আদেশের বহির্ভূত থাকবে এবং রপ্তানি নীতি ২০২৪-২০২৭ এর অনুচ্ছেদ ৩.১ এর উপ-অনুচ্ছেদ ৩.১.৩ এর বিধান অনুযায়ী, “বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (বেপজা), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর আওতাধীন ছাড়া বাংলাদেশের অন্যান্য সকল এলাকায় এ নীতি প্রযোজ্য হবে।”

০৩। The Customs (Economic Zones) Procedures, 2017 (Notification No. 42/2017 Customs/109 dated: 02 May 2017) এর Clause 7 (Import Permit and Export Permit) অনুযায়ী বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) কর্তৃক ইস্যুকৃত Import Permit এবং Export Permit এর মাধ্যমে অর্থনৈতিক অঞ্চলসমূহের বিনিয়োগকারী প্রতিষ্ঠানসমূহ (জোন ডেভেলপার ও ইউনিট ইনভেস্টর) আমদানি রপ্তানি সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদন করতে পারে।

০৪। বেজা’র অধিভুক্ত অর্থনৈতিক অঞ্চলে Investment Clearance প্রাপ্ত প্রতিষ্ঠান বেজা হতে প্রাপ্ত Import Permit/Export Permit এর মাধ্যমে ক্রুড পাম অয়েল বা অলিন আমদানি/রপ্তানি করতে পারবে।

০৫। বিনিয়োগকারীগণের সুবিধার্থে এই পরিপত্রটি বাংলা এবং ইংরেজি উভয় ভাষাতেই প্রকাশিত হবে। তবে শর্ত থাকে যে, বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাবে।

০৬। বিষয়টি আপনার সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো।



২৬-০২-২০২৬
মুহাম্মদ ইমতিয়াজ হাসান
পরিচালক

বিতরণ :

- ১। কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম/ঢাকা/বেনাপোল/মংলা/আইসিডি (কমলাপুর)/পানগাঁও।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম।
- ৩। একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের সদয় অ
বগতির জন্য)।
- ৪। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, জোন ডেভেলপার (সকল), বেজা।
- ৫। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, ইউনিট ইনভেস্টর (সকল), বেজা এবং
- ৬। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, তফসিলি ব্যাংক (সকল)।



২৬-০২-২০২৬
মো সাজ্জাদ হোসেন
সহকারী পরিচালক